

কারিগরি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কার্যক্রম এগিয়ে চলছে

শিক্ষামন্ত্রী

নিম্ন বর্তী পরিবেশক

কর্মসূচী শিক্ষার ওপর বিশেষভাবে গুরুত্ব দিয়ে সরকার কারিগরি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছে। এরই মধ্যে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কার্যক্রম এগিয়ে চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মহাজোট সরকার কারিগরি শিক্ষার গুরুত্বারোপ করে বিশেষ কর্মসূচি হাতে নেয়ার গত ৫ বছরে কারিগরিতে শিক্ষার্থী ৭ ৬৭ হেড়েছে বলেও তিনি জানান।

গতকাল রাজধানীর মোহাম্মদপুরের শারীরিক শিক্ষা মাঠে 'কর্মসূচী শিক্ষার গুরুত্ব' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি বক্তব্যে তিনি এ কথা জানান। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি 'হ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউট' (এসআইটিসি)-এর ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ সভার আয়োজন করা হয়।

এসআইটিসির অধ্যক্ষ এমএ সাত্তারের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগের মুখ্য-সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় সংসদ সদস্য জাহাঙ্গীর কবির নামক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজাহান মিয়া। অনুষ্ঠান শেষে ৩০৪ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী আরও বলেন, ২০০৮ সালে মহাজোট সরকার ক্ষমতা নেয়ার সময় দেশের কারিগরি শিক্ষা ছিল সবচেয়ে অবহেলিত। তখন শতকরা একত্রানেরও কম শিক্ষার্থী এ শিক্ষা লাভ করত।

কারিগরি শিক্ষার্থীদের ভবিষ্যৎ উজ্জ্বল- এমন মন্তব্য করে মন্ত্রী বলেন, অনেক অভিভাবকই সন্তানকে পলিটেকনিকে দিতে চান না। কারণ তাদের ধারণা পলিটেকনিক শিক্ষায় বড় ভিন্নি অর্জন হবে না। তাদের উচ্ছেশে শিক্ষামন্ত্রী হাম্যারস করে বলেন, সাধারণ শিক্ষায় বিয়ের বাজারে কদম বাড়লেও চাকরির বাজারে চাকরি পাখে না।

শিক্ষামন্ত্রী গত ৫ বছরে কারিগরি শিক্ষার উন্নয়নের চিত্র তুলে ধরে বলেন, সরকার কারিগরি শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন এনেছে। এখন বিপুলসংখ্যক শিক্ষার্থী কারিগরি শিক্ষা নিতে উর্তি হচ্ছে। দক্ষ জনশক্তি গড়ে তোলার ক্ষেত্রে কারিগরি শিক্ষার বিকল্প নেই। উন্নত দেশগুলো কারিগরি শিক্ষার কারণেই এগিয়ে যাচ্ছে।

কারিগরি পড়ুয়া দরিদ্র মেধাযী শিক্ষার্থীদের মানিক ৮০০ টাকা করে বৃত্তি দেয়া হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, প্রতি বছর ২ লাখ ২৫ হাজার শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হচ্ছে। সরকার গত ৫ বছরে ২৯১টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছে। এর বাইরে বেসরকারিভাবে প্রায় ৭ হাজার কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। চারটি মহিলা পলিটেকনিক করেছি। আরও দুটি প্রতিস্থাপন রয়েছে। ডুয়েটে ৫ম পলিটেকনিক শিক্ষার্থীরা চাকরি করার সুযোগ পাবেন বলেও জানান শিক্ষামন্ত্রী।